



ঢাকার নিরাপত্তা পরিস্থিতি নিয়ে বাংলাদেশকে বার্তা দিল দিল্লি



সংগৃহীত ছবি

নয়াদিল্লিতে নিযুক্ত বাংলাদেশের হাইকমিশনার এম রিয়াজ হামিদুল্লাহকে তলব করার পর ভারতের পররাষ্ট্র মন্ত্রণালয় এক সংক্ষিপ্ত বিবৃতি প্রকাশ করেছে। এতে বাংলাদেশের নিরাপত্তা পরিস্থিতি নিয়ে উদ্বেগের কথা জানানো হয়।

বুধবার (১৭ ডিসেম্বর) ভারত জানায়, সাম্প্রতিক সময়ে বাংলাদেশের নিরাপত্তা পরিস্থিতির অবনতি ও কিছু চরমপন্থী গোষ্ঠীর কর্মকাণ্ড নিয়ে হাইকমিশনারের দৃষ্টি আকর্ষণ করা হয়েছে। বিশেষ করে ঢাকায় অবস্থিত ভারতীয় মিশনকে ঘিরে সম্ভাব্য নিরাপত্তা ঝুঁকির বিষয়টি উল্লেখ করা হয়।

বিবৃতিতে বলা হয়, বাংলাদেশে সাম্প্রতিক কয়েকটি ঘটনাকে কেন্দ্র করে যে বয়ান তৈরি হচ্ছে, ভারত তা প্রত্যাখ্যান করে। একই সঙ্গে অভিযোগ করা হয়, এসব ঘটনার পূর্ণাঙ্গ তদন্ত কিংবা অর্থবহ তথ্য আদান-প্রদান এখনো হয়নি।

ভারত জানায়, বাংলাদেশের জনগণের সঙ্গে তাদের ঐতিহাসিক ও বন্ধুত্বপূর্ণ সম্পর্ক রয়েছে এবং তারা দেশটির শান্তি, স্থিতিশীলতা ও সুষ্ঠু নির্বাচনের পক্ষে। পাশাপাশি কূটনৈতিক বাধ্যবাধকতা অনুযায়ী সব বিদেশি মিশনের নিরাপত্তা নিশ্চিত করার আহ্বান জানানো হয়।

এর আগে রোববার ঢাকায় নিযুক্ত ভারতীয় হাইকমিশনার প্রণয় ভার্মাকে তলব করে বাংলাদেশ। তখন হাদি হত্যাচেষ্টা মামলার সন্দেহভাজনরা যাতে ভারতে পালাতে না পারে, সে বিষয়ে সহযোগিতা চাওয়া হয়।